

রাজশাহী সিটি কর্পোরেশন
রাজশাহী

সাধারণ প্রশাসনিক শাখা
crajshahi.portal.gov.bd

স্মারক নং- ৪৬.১২.০০০০.০০৩.১৪.৭৩৯.২২*১৭ ও ২

তারিখঃ ২০ অগ্রহায়ণ ১৪৩১
৫ ডিসেম্বর ২০২৪


বিষয় : রাজশাহী সিটি কর্পোরেশনের গভর্ন্যান্স কৌশলপত্র বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুযায়ী ক্যাপাসিটি ডেভলপমেন্ট অফ সিটি কর্পোরেশন (C4C-2) প্রকল্প, জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (JICA) সহযোগিতায় পরিচালিত প্রকল্পের আওতায় সিটি কর্পোরেশন গভর্ন্যান্স কৌশলপত্র বাস্তবায়ন গঠিত কমিটির সভা আগামী ০৮ ডিসেম্বর ২০২৪ তারিখ বেলা ১১:০০ টায় সরিৎ দত্ত গুপ্ত সভাকক্ষে নিম্নোক্ত আলোচ্যসূচির ভিত্তিতে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন প্রধান নির্বাহী কর্মকর্তা ড. এ.বি.এম শরীফ উদ্দিন।

আলোচ্যসূচি :

- (১) ২০২৪-২০২৫ অর্থবছর গভর্ন্যান্স কৌশলপত্র ভিত্তিক কর্মপরিকল্পনা রিভিউ করা।
- (২) সিটি লেবেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) ও ওয়ার্ড লেবেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) পূর্ণগঠন সম্পর্কে আলোচনা।
- (৩) ২০২৪-২০২৫ অর্থবছর প্রশিক্ষণ বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।
- (৪) বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের গুণগত মান বৃদ্ধি সংক্রান্ত আলোচনা।
- (৫) বিবিধ।

আপনি বর্ণিত কমিটির একজন সম্মানিত সদস্য হিসেবে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


রাজশাহী সিটি কর্পোরেশন
০৫/১২/২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ ও প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশনের একান্ত সচিব, (প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশন ও বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। জনসংযোগ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন। উক্ত সভার ব্যানার ও সাউন্ড সিষ্টেমের অনুরোধসহ।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন। (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। এম আই এস পার্সোনাল, আইসিটি শাখা, রাজশাহী সিটি কর্পোরেশন। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ।
- ৫। অফিস নথি।